



জাল সার্টিফিকেট বিক্রির অভিযোগে বরগুনা আলীয়া মাদ্রাসার কেরানী প্রেফতার

বরগুনা জেলা সংবাদদাতা : বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের বিভিন্ন শ্রেণীর মূল সার্টিফিকেট জাল-জালিয়াতির মাধ্যমে তৈরী করে বিক্রয়ের অভিযোগে বরগুনায় অভিযুক্ত সেনা সদস্যরা বরগুনা আলীয়া মাদ্রাসার কেরানী মোশাররফ হোসেনকে প্রেফতার করেছেন।

উক্ত কেরানী মোশাররফ হোসেন মাদ্রাসা বোর্ডের একটি প্রভাবশালী মহলের সাথে যোগাযোগের মাধ্যমে দীর্ঘদিন জাল সার্টিফিকেট বিক্রি করে আসছিল। এখ্যাপারে বরগুনায় তার ব্যাপক দুর্নাম থাকলেও বিষয়টি ছিল ধরা-ছোয়ার বাইরে। সংশ্লিষ্ট সেনা সদস্যরা বরগুনায় এলে সুনির্দিষ্ট-লিখিত অভিযোগের ভিত্তিতে তাকে প্রেফতার করে। জানা গেছে, জিজ্ঞাসাবাদের এক পর্যায়ে সে এখ্যাত ১২৭টি জাল সার্টিফিকেট বিক্রয়ের কথা স্বীকার করেছে।

তবে সে বলেছে, এখ্যাপারে তার গ্রামের প্রতিবেশী জনৈক সামসুল আলমের মুখ্য ভূমিকা রয়েছে। প্রতিটি সার্টিফিকেটের জন্য ৩ থেকে ৪ হাজার টাকা গ্রহণ করলেও মোশাররফ পেত মাত্র ৫শ' টাকা। বাকি টাকা সামসুল আলমের মাধ্যমে মাদ্রাসা বোর্ডসহ বিভিন্ন খাতে ভাগ হতো। সামসুল আলমকে প্রেফতার করা সত্ত্বেও হয়নি। প্রেফতারকৃত মোশাররফকে থানা পুলিশে সোপর্দ করা হয়েছে। তার বিরুদ্ধে জাল-জালিয়াতি ও প্রভাবশালী মামলা দায়ের করে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।